

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৬. ২০২০- ৪৭০

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৮
০৯ মে ২০২১

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা এবং মূল ডিজাইন প্রেরণ।

সূত্রঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২৯/০৩/২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২৩.০০১.২১.৩৭ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের পরিপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা এবং মূল ডিজাইন এ সাথে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

M. M. Rahman
০৯/০৫/২০২১
এ কে এম মিজানুর রহমান
উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

- ১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
- ৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।



স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার নির্দেশিকা

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে দেশে বিদেশে উদযাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক লোগো অনুমোদিত হওয়ায় যথাপযুক্তভাবে ব্যবহারের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়কের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ নির্দেশিকা জারি করা হলো;

১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্ধারিত রঙ, বর্ণবিন্যাস এবং আকৃতি ব্যতীত অন্য কোনো প্রকারে এই লোগো ব্যবহার করা যাবে না।
২. সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সরকারি মালিকানাধীন কোম্পানি, সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মিডিয়া ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সব ই-মেইল, সরকারি পত্র, স্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে সুবর্ণজয়ন্তীর লোগোটি ব্যবহার করা যাবে।
৩. মুজিববর্ষের লোগো যথাস্থানে রেখে সুবর্ণজয়ন্তীর লোগো বামদিকে ব্যবহার করা যাবে।
৪. সরকারি মালিকানাধীন সব বাস, ট্রেন, দাপ্তরিক গাড়ী, নৌযান, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে চলমান বাংলাদেশ বিমান, সামরিক এয়ারক্রাফট এবং ক্রুজে উপযুক্ত স্থানে বিভিন্ন অনুষ্ঠানের পোস্টার, ব্যানার, ফেস্টুন ও সাজসজ্জায়, সুবর্ণজয়ন্তী লোগোর নির্দেশিকা অনুসরণ করে নির্ধারিত এবং আনুপাতিক হারে নান্দনিকভাবে লোগোটি ব্যবহার করা যাবে।
৫. জাতীয় দিবসের বিভিন্ন উপলক্ষে সরকারি-বেসরকারি প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শুভেচ্ছা কার্ড এবং আমন্ত্রণপত্রে উক্ত লোগো ব্যবহার করা যাবে।
৬. জাতীয় পাঠ্যপুস্তক এবং সব সরকারি তথ্য বাতায়নে এই লোগো ব্যবহার করা যাবে।
৭. সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডার, নোটপ্যাড, স্টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি প্রচার সামগ্রীতে এই লোগো ব্যবহার করা যাবে।
৮. কোনো ব্যক্তিগত বা বেসরকারি ব্যবসায়িক বা বাণিজ্যিক প্রোডাক্ট, সেবার উদ্দেশ্যে এই লোগো ব্যবহার করা যাবে না।
৯. সিগারেট, অ্যালকোহল, আগ্নেয়াস্ত্র কিংবা অনুরূপ দ্রব্যাদিতে এই লোগো ব্যবহার করা যাবে না।
১০. বিভিন্ন ক্রীড়া, সাহিত্য, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংস্থার অনুষ্ঠান আয়োজনে, প্রকাশনার ক্ষেত্রে লোগো ব্যবহার করা যাবে।
১১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে জাতীয় পর্যায়ে সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে নির্বাচিত লোগোটি ২০২১ সালের ১৬ ডিসেম্বর পর্যন্ত ব্যবহার করা যাবে।

স্বাক্ষরিত-২৫/০৩/২০২১
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী

Bangladesh



লোগো মুদ্রণে রঙের নির্দেশনা

Logo Colour Palette



বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী




C 10 M 40 Y 90 K 10
RGB - 207 138 23
HEX - #CF8A17

Bangladesh



C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000



C 30 M 50 Y 100 K 10
RGB - 161 115 0
HEX - #A17300
C 5 M 10 Y 65 K 8
RGB - 223 211 82
HEX - #DFD352



C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF



C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF
C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

লোগো মুদ্রণে একক রঙের নির্দেশনা
Logo Colour Palette (Single)



বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী



C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

Bangladesh



C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000



C 0 M 0 Y 0 K 35
RGB - 166 166 166
HEX - #A6A6A6



C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF



C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

লোগো মুদ্রণে সাদা-কালো রঙের নির্দেশনা
Logo Colour Palette (Black)



লোগো মুদ্রণে রিভার্স রঙের নির্দেশনা
Logo Colour Palette (Reverse)



লোগোর চারপাশে যতখানি জায়গা ফাঁকা রাখতে হবে Logo Clear Space

লোগোর চতুর্দিকে মূল লোগোতে ব্যবহৃত ইংরেজি বাংলাদেশ লেখার প্রথম অক্ষর 'বি'-এর উচ্চতার সমপরিমাণ বা তার অধিক জায়গা সর্বদা ফাঁকা রাখতে হবে।

Always leave space equal to or more than the height of the first letter 'B' of the English Bangladesh text used in the main logo around the logo.



গাঢ় ব্যাকগ্রাউন্ডে লোগো যেভাবে বসবে Logo in Dark Background

গাঢ় ব্যাকগ্রাউন্ডে লোগোটি ব্যবহার করতে হলে তা সবসময় নির্ধারিত সাদা বক্সের ভিতর রাখতে হবে।

Always keep the logo inside the white box when it will be used on a dark background.

